# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৪৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

## আরবী

وَعَنْ أَبِي إِبْرَاهِيْمَ عَبْدِ اللهِ بنِ أَبِي أَوْفٰى رَضِيَ اللهُ عَنْهُمَا : أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ فِي بَعْضِ أَيَّامِهِ الَّتِي لَقِيَ فِيْهَا العَدُوَّ انْتَظَرَ حَتّٰى إِذَا مالَتِ الشَّمْسُ قَامَ فيهِمْ فَقَالَ يَا أيُّهَا النَّاسُ لاَ تَتَمَنَّوا لِقَاءَ العَدُوِّ وَاسأَلُوا الله العَافِيَةَ، فَإِذَا لقيتُمُوهُمْ فَاصْبِرُوا، وَاعْلَمُوا أنَّ الجَنَّةَ تَحْتَ ظِلالِ السُّيوفِ ثُمَّ قَالَ النَّبيُّ ﷺ اللَّهُمَّ مُنْزِلَ الكِتَابِ وَمُجْرِيَ السَّحَابِ وَهَازِمَ الْأَحْزَابِ اهْزِمْهُمْ وَانصُرْنَا عَلَيْهِمْ مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৩৫৪৭) আবূ ইব্রাহীম আব্দুল্লাহ ইবনে আবী আওফা (রাঃ) বলেন, শত্রুর সাথে মোকাবেলার কোন এক দিনে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপেক্ষা করলেন (অর্থাৎ যুদ্ধ করতে বিলম্ব করলেন)। অবশেষে যখন সূর্য ঢলে গেল, তখন তিনি লোকদের মধ্যে দাঁড়িয়ে বললেন, হে লোকেরা! তোমরা শত্রুর সঙ্গে সাক্ষাৎ (যুদ্ধ) কামনা করো না এবং আল্লাহর কাছে নিরাপত্তা চাও। কিন্তু যখন শত্রুর সামনা-সামনি হয়ে যাবে, তখন তোমরা দৃঢ়তার সাথে যুদ্ধ কর! আর জেনে রেখো যে, জান্নাত আছে তরবারির ছায়ার নীচে। অতঃপর তিনি দু'আ ক'রে বললেন, হে কিতাব অবতীর্ণকারী, মেঘ সঞ্চালনকারী এবং শত্রুসকলকে পরাজিতকারী! তুমি তাদেরকে পরাজিত কর এবং তাদের মুকাবিলায় আমাদেরকে সাহায্য কর।

## ফুটনোট

(বুখারী ২৯৬৫, মুসলিম ৪৬৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন